# মেহেরপুর পৌরসভা কার্যালয়,মেহেরপুর।

৯নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WLCC) সভা

সভাপতি ঃ জনাব হামিদা কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

স্থান ঃ মেহেবপুর পৌরসভা কার্যালয়, মেহেরপুর।

সভার তারিখ ঃ বিকাল ৩.০০ টায় -১৮/১২/২০১৮খ্রিঃ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অদ্যকার সভায় সভাপতি মহোদয়ের অনুপস্থিতি জনিত কারনে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করছেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WLCC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

**আলোচ্যসূচীঃ**

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসংগে।

২। রাস্তা নির্মান প্রসংগে।

৩। সড়ক বাতি স্থাপন প্রসংগে।

৪। বিবিধ।

| ক্রঃনং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন | সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন। | TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব, মেহেরপুর পৌরসভা। |
| ০২ | রাস্তা নির্মান প্রসংগে। | আলোচ্য সূচীর উপর আলোচনা করেন জনাব মোঃ হাসেম আলী, পন্ডেরঘাট পাড়া, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন যে, এ পাড়ায় আইরুলের বাড়ি হতে মাহাতাবের বাড়ি পর্যন্ত রাস্তাটি বিগত বর্ষা মৌসুমে ভেঙ্গে চলাচল অনুপযোগী হয়ে পড়লেও অদ্যাবধি রাস্তাটি নির্মান করা হয়নি। রাস্তাটি নির্মানের জন্য পৌর কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষন করছি। জনাব মোছাঃ পারুল আক্তার, ষ্টেডিয়াম পাড়া, মেহেরপুর জানান যে, ষ্টেডিয়াম পাড়া হতে রিফুজি পাড়া ক্যানেলের পাশের রাস্তা দিয়ে দীর্ঘদিন জনসাধারন চলাচল করলেও রাস্তাটি কাচা রয়েগেছে। রাস্তাটি পাকা করনের জন্য পৌর কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানানো হলো। | ৯নং ওয়ার্ডে বর্নিত রাস্তা দুটি নির্মানের জন্য টিএলসিসি এর সভায় উপস্থাপন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, মেহেরপুর পৌরসভা মহোদয়ের নিকট সুপারিশ করা হয়। | নির্বহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা। |

| ক্রঃনং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৩ | সড়ক বাতি স্থাপন প্রসংগে। | আলোচ্য সূচীর উপর আলোচনা করেন জনাব ইউনুস আলী, গোরস্থান পাড়া, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন যে, মেহেরপুর পৌরসভার প্রায় সকল এলাকায় সড়ক বাতি থাকলেও ইসলাম পাড়া দক্ষিন অংশে সড়ক বাতি স্থাপন হয়নি। যার ফলে এলাকাবাসি রাতে চলাচলের বিভিন্ন রকম সমস্যার সম্মখিন হয়। এছাড়া এলাকাটি লোকালয়ের বাইরে হওয়ায় দুস্কৃতিকারীদের আনাগোনা লক্ষ করা যায়। সে কারনে এলাকায় আপাতত ০৬ টি সড়ক বাতি স্থাপন করা জরুরী প্রয়োজন। এ এলাকায় নতুন সড়ক বাতি স্থাপনের জন্য পৌর কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে। | নতুন সড়ক বাতি স্থাপনের জন্য মেয়র, মেহেরপুর পৌরসভা মহোদয়ের নিকট সুপারিশ করা হয়। | নির্বাহী প্রকৌশলী মেহেরপুর পৌরসভা। |
| ০৪ | বিবিধ | আলোচনায় জনাব মোঃ মাসুদ রানা সদস্য সচিব, জানান যে, চলতি মৌসুমে ব্যাপক হারে গৃহ ইমারত নির্মান কাজ শুরু হয়েছে এবং হবে। সকল ইমারত মালিকগন যেন ইমারত নির্মান বিধিমালা মেনে পৌরসভার নক্সা অনুমোদন সাপেক্ষে ইমারত নির্মান করে সে বিষয়ে জনসাধারনকে সচেতন করার জন্য সকল সদসের প্রতি অনুরোধ জনান। | গৃহ নির্মান বিষয়ে জনসাধারনকে সচেতন করার জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হলো। বিষয়টি টিএলসিসি সদস্যদের অবগত করার জন্য টিএলসিসি সভায় উপস্থাপনের জন্য কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হলো। | সচিব, মেহেরপুর পৌরসভা। |

সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর ও পানির বিল পরিশোধ করে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( হামিদা )
সভাপতি(WLCC)
ও
কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ ঃ ১৮/১২/২০১৮, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান ঃ ০৯ নং ওয়ার্ড কাউন্সিলর সাহেবের বাসভবন।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব হামিদা | কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা | |
| ২ | জনাবা,মোছাঃ রঙ্গিলা খাতুন | ষ্টেডিয়ামপাড়া, মেহেরপুর | |
| ৩ | জনাব মোঃ হাসেম আলী | পন্ডের ঘাটপাড়া, মেহেরপুর | |
| ৪ | জনাব মোঃ ফারুক হোসেন | ষ্টেডিয়ামপাড়া, মেহেরপুর | |
| ৫ | জনাব মোছাঃ রেহেনা খাতুন | গোরস্থানপাড়া,মেহেরপুর | |
| ৬ | জনাব হাজী মোঃ বাবর আলী | ডাকঘরপাড়া, মেহেরপুর | |
| ৭ | জনাব মোছাঃ পারুল আক্তার | ষ্টেডিয়ামপাড়া, মেহেরপুর | |
| ৮ | জনাব মোঃ ইউনুস আলী | গোরস্থানপাড়া, মেহেরপুর | |
| ৯ | জনাব মোঃ মাসুদ রানা | উপ-সহকারী প্রকৌশলী | |